দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 0.7 .JUN 1994 ..
পৃষ্ঠা ৭ কলাম ৪

147

# যশোর বোর্ড আবার অবরোধ ॥ খাতা বিলি-বন্টন হয়নি

যশোর, ৬ জুন সংবাদদাতা।– ধর্মঘটী শিক্ষকরা সোমবারও যশোর শিক্ষাবোর্ড অবরোধ করেন। এদিনও পরীক্ষার খাতা বিলি-বন্টন হয়নি। এদিকে সরকারী মাধ্যমিক শিক্ষকদের সংগঠনের পক্ষ থেকে শিক্ষা বোর্ড কর্তৃপক্ষকে জানান হয়েছে তাঁরা যেন পরীক্ষার খাতা বন্টন ১২ মে পর্যন্ত স্থগিত রাখেন।

সোমবার শিক্ষা বোর্ড অবরোধকালে একটি সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির জেলা সমন্বয়কারী মিয়া

(শেষ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## যশোর বোর্ড

(প্রথম পাতার পর) মতিয়ার রহমান ছাড়াও বক্তৃতা করেন লুৎফর রহমান, আতিয়ার রহমান, তারাপদ দাস প্রমুখ। নেতৃবৃন্দ ১১ মে ঢাকাতে অনুষ্ঠিতব্য শিক্ষক মহাসমাবেশে যোগদানের জন্য সমস্ত শিক্ষকদের প্রতি আহবান জানান।

শিক্ষা বোর্ডের এক কর্মকর্তা বলেন, কেন্দ্রীয়ভাবে সমস্যার সমাধান না হলে খাতা বন্টনে যে অচলাবস্থা চলছে, তার কোন সুরাহা হবে না। সরকারী শিক্ষকরা প্রতিদিনই খাতা নিতে শিক্ষা বোর্ডে যান। কিন্তু অবরোধকারীদের ভয়ে তাঁরা খাতা নিতে ব্যর্থ হন। এ প্রেক্ষাপটে তাঁরাও চাচ্ছেন আগে বিষয়টি সুরাহা হোক। তারপর তাঁরা খাতা নেবেন।